



স্মারক নং- ৪১.০১.৭৯০০.০০০.১৬.০৪৬.২১- ২৫৬

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

দোকান ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, পিরোজপুরের ১ম (প্রথম) তলায় দোকান ভাড়া নিতে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড ও জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর আবেদন আহবান করা যাচ্ছে। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, পিরোজপুরের ১ম (প্রথম) তলার স্টলসমূহকে ৩ (তিন) ক্যাটাগরি-সম্মুখভাগে A (কমবেশি ১৩০ বর্গফুট)- সংখ্যা ০৪ (চার)টি, মধ্যভাগে B (কমবেশি ১৩০ বর্গফুট)- সংখ্যা ০২ (দুই)টি, ও শেষভাগে C (কমবেশি ১৩০ বর্গফুট)- সংখ্যা ০২ (দুই)টি তে ভাগ করা হয়েছে।

শর্তাবলি:

০১. A ক্যাটাগরির প্রতি স্টলের জন্য এককালীন অফেরৎযোগ্য ৫ (পাঁচ) লক্ষ টাকা, B ক্যাটাগরির জন্য ৪ (চার) লক্ষ টাকা ও C ক্যাটাগরির জন্য ৩ (তিন) লক্ষ টাকা প্রদান করতে হবে।
০২. দোকানের প্রতি বর্গফুটের মাসিক ভাড়ার প্রাক্কলিত হার A ক্যাটাগরির জন্য ১২/- (বারো টাকা), B ক্যাটাগরির জন্য ১১/- (এগারো টাকা) ও C ক্যাটাগরির জন্য ১০/- (দশ টাকা)। এ ক্ষেত্রে সর্বোচ্চ দর দাখিলকারীকে ভাড়া প্রদান করা হবে। তবে একাধিক দরদাতা একই দর দাখিল করলে লটারি করা হবে।
০৩. দোকান ভাড়া চুক্তি ০৩ (তিন) বছর মেয়াদী হবে। প্রতি ০৩ (তিন) বছর পর পর ১০% হারে ভাড়া বৃদ্ধি পাবে। চুক্তির কোনো শর্ত ভঙ্গ না করলে, সাবলীজ প্রদান না করা হলে ও নিয়মিত ভাড়া প্রদান করা হলে চুক্তি নবায়ন করা হবে।
০৪. প্রকৃত ব্যবসায়ী বীর মুক্তিযোদ্ধাগণের আবেদনে অগ্রাধিকার প্রদান করা হবে।
০৫. আবেদন ব্যতীত কাউকেই স্টল বরাদ্দ দেয়া হবে না।
০৬. বরাদ্দকৃত দোকান সাবলীজ প্রদান করা যাবে না।
০৭. দোকান বরাদ্দের ক্ষেত্রে এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অন্যান্য শর্তাবলি:

০১. আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে সদ্য তোলা দুই কপি রঙিন সত্যায়িত ছবি, NID এর সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, ভ্যাট ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনকারীকে পিরোজপুরের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. আবেদনের সাথে জামানত হিসেবে ০১ (এক) লক্ষ টাকার পে-অর্ডার দাখিল করতে হবে, যা ফেরৎ/সমন্বয়যোগ্য।
০৩. আবেদন ফরম এর মূল্য ০১ (এক) হাজার টাকা (অফেরৎযোগ্য)। ফরম কেনার মানি রিসিটের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য নয়। আবেদন ফরম প্রাপ্তি ও জমার স্থান- নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর ও উপপরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, পিরোজপুর।
০৪. সংশ্লিষ্ট ক্যাটাগরিতে আবেদনকারী কোনো বীর মুক্তিযোদ্ধা সর্বোচ্চ দরে দোকান নিতে আগ্রহী হলে তাকে বরাদ্দের বিষয়ে কমিটি বিবেচনা করতে পারবে।
০৫. অসম্পূর্ণ আবেদন এবং প্রকৃত ব্যবসায়ী নয় এমন আবেদন বিবেচনা করা হবে না।

আবেদনের সময়সীমা ১৪ হতে ২৮ জুন ২০২১ খ্রিঃ।

এ বিজ্ঞপ্তিতে জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


২৬.০৬.২১

(মোঃ ইকবাল কবির)

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

পিরোজপুর।